

নং-স্বাপকম/শুংখলা-২/অডি-৩৬/২০০৯-১০৫

তারিখঃ- ০৯.১৪.১৮ বঙ্গাব্দ
১১.০৪.২০১৪ খ্রিস্টাব্দ

আদেশ

যেহেতু, বেগম অর্পণা রানী বণিক, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বারহাটা, নেত্রকোনা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯ এর ৩(বি) ধারা মোতাবেক বিভাগীয় মামলা রুজু করে ১ম কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেননি, সেহেতু তীর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্ত কমিটি গঠন করা হয়;

যেহেতু, তদন্ত কমিটি তদন্ত প্রতিবেদন দাখিল করেছেন এবং তদন্তে আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে উল্লেখ করা হয়েছে;

যেহেতু, বিভাগীয় মামলায় আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনায় বেগম অর্পণা রানী বণিক, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বারহাটা, নেত্রকোনা-কে সরকারি চাকুরি হতে কেন বরখাস্ত করা হবে না সে মর্মে দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেননি;

যেহেতু, তাঁকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার সিদ্ধান্ত গ্রহণ করে এ বিষয়ে বাংলাদেশ সরকারি কর্মকমিশনের মতামত চাওয়া হয়;


যেহেতু, বাংলাদেশ সরকারি কর্মকমিশন (পিএসসি) মন্ত্রণালয়ের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করেছে;

এক্ষণে সেহেতু, সরকারী কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯ এর ৪(এ) ধারা মোতাবেক বেগম অর্পণা রানী বণিক, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বারহাটা, নেত্রকোনা-কে সরকারী চাকুরি হতে বরখাস্ত করা হলো।

এ আদেশ তীর অননুমোদিত অনুপস্থিতির তারিখ ২৭/০৫/২০০৮ থেকে কার্যকর হবে।

এ আদেশ জনস্বার্থে জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে


২৭.৪.১৪,
(এম.এম. নিয়াজউদ্দিন)
সচিব

উপ-নিয়ন্ত্রক


বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা।

নং-স্বাপকম/শুংখলা-২/অডি-৩৬/২০০৯-১০৫/১ (৮)

তারিখঃ- ১১.০৪.২০১৪ খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ-

- ১। সচিব, বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয়, তেজগাঁও, ঢাকা।
- ২। মহা-পরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা (আদেশটি সংশ্লিষ্ট কর্মকর্তার স্থায়ী ঠিকানায় প্রেরণের জন্য অনুরোধ করা হল)।
- ৩। পরিচালক (এমআইএস), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা (বিষয়টি কম্পিউটারে সংরক্ষণ করে রাখার জন্য অনুরোধ করা হল)।
- ৪। উপ-পরিচালক, জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, বারহাটা, নেত্রকোনা।
- ৫। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৬। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়(আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
- ৭। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, বারহাটা, নেত্রকোনা।
- ৮। বেগম অর্পণা রানী বণিক, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বারহাটা, নেত্রকোনা স্থায়ী ঠিকানাঃ ২৯/চ, মদনবাবু রোড, ময়মনসিংহ।


২৭/০৪/১৪
(ফারজানা সুলতানা)
সিনিয়র সহকারী সচিব
ফোন-৯৫৪৫০২৮
Sasdisc2@mohfw.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শুংখলা-২ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫১.০২৭.০০.০০.০১২.২০১২-১৭৫

তারিখঃ ০১.১৪২১ বঙ্গাব্দ
১১.০৪.২০১৪ খ্রিস্টাব্দ

আদেশ

যেহেতু ডাঃ মোঃ আরিফ উল ইসলাম, মেডিকেল অফিসার(পরিবার কল্যাণ), লোহাগড়া, চট্টগ্রাম গত ০৯.০৯.২০০০ হতে ১১.০৯.২০০০ তারিখ পর্যন্ত মোট ৩(তিন) দিন নৈমিত্তিক ছুটি গ্রহণ করে কর্মস্থল ত্যাগ করেন। পরবর্তীতে কর্মস্থলে যোগদান না করে গত ১২.০৯.২০০০ তারিখ হতে অদ্যাবধি বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন;

যেহেতু, তাঁর সরকারি চাকুরিতে অনুপস্থিতকাল ০৫(পাঁচ) বছরের অধিক হওয়ায় বিএসআর (পার্ট-১)-এর ৩৪ বিধি মোতাবেক তাঁর চাকুরি আপনা আপনি অবসান ঘটেছে ;

যেহেতু, বিএসআর (পার্ট-১) এর বিধি-৩৪ মোতাবেক তাঁর চাকুরি অবসান ঘটানোর আদেশ কেন জারি করা হবে না মর্মে তাকে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেননি;


যেহেতু, তাঁর চাকুরি অবসান ঘটানোর আদেশ জারির প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতি সদয় অনুমোদন করেছেন;

এক্ষণে সেহেতু, বিএসআর (পার্ট-১)-এর বিধি-৩৪ মোতাবেক ডাঃ মোঃ আরিফ উল ইসলাম, মেডিকেল অফিসার(পরিবার কল্যাণ), লোহাগড়া, চট্টগ্রাম এর চাকুরি অবসান (Ceased) করা হলো।

ডাঃ মোঃ আরিফ উল ইসলাম, মেডিকেল অফিসার(পরিবার কল্যাণ), লোহাগড়া, চট্টগ্রাম এর কর্মস্থলে অনুপস্থিতির তারিখ ১২.০৯.২০০৫ হতে এ আদেশ কার্যকর হবে।

এ আদেশ জনস্বার্থে জারি করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে


০৪.৫.১৪

(এম. এম. নিয়াজউদ্দিন)
সচিব

উপ-নিয়ন্ত্রক


বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা

নং-৪৫.১৫১.০২৭.০০.০০.০১২.২০১২-১৭৫/১ (৬)

তারিখঃ ০১.১৪২১ বঙ্গাব্দ
১১.০৪.২০১৪ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। মহা-পরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬ কাওরান বাজার, ঢাকা (আদেশটি অভিযুক্তের স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)
- ২। পরিচালক, এমআইএস, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬ কাওরান বাজার, ঢাকা (কম্পিউটারে সংরক্ষণ করে রাখার জন্য অনুরোধ করা হল)
- ৩। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
- ৪। যুগ্ম-সচিব, পরিবার কল্যাণ-২ শাখা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৫। উপ-পরিচালক, জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, চট্টগ্রাম।
- ৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)
- ৭। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, লোহাগড়া, চট্টগ্রাম।
- ৮। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, লোহাগড়া, চট্টগ্রাম।
- ৯। ডাঃ মোঃ আরিফ উল ইসলাম, মেডিকেল অফিসার(পরিবার কল্যাণ), লোহাগড়া, চট্টগ্রাম


১১/০৪/১৪
(ফারজানা সুলতানা)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৫০২৮

sasdisc2@mohfw.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-২ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫১.০২৭.০০.০০.০১১.২০১৩-

১৭৭

তারিখঃ ০১ .০৬.২০১৪ খ্রিঃ

আদেশ


যেহেতু, ডাঃ আবুল খায়ের মোঃ সালাহ উদ্দিন ভুইয়া (১২১৭৯৩), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর মহাখালী, ঢাকা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩ (সি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে ১ম কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেননি। তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং অভিযোগসমূহ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

এক্ষেণে, সেহেতু ডাঃ আবুল খায়ের মোঃ সালাহ উদ্দিন ভুইয়া (১২১৭৯৩), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর মহাখালী, ঢাকা এর বিরুদ্ধে আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন ও উপস্থাপিত সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ ৪(২) (বি) বিধি মোতাবেক তাঁর বার্ষিক বেতন বৃদ্ধি (ইনক্রিমেন্ট) আদেশ জারি হওয়ার তারিখ থেকে ০১ (এক) বৎসর সময় পর্যন্ত স্থগিত করা হল। ভবিষ্যতে তিনি বকেয়া হিসেবে এ বেতন প্রাপ্য হবেন না।

এ আদেশ জনস্বার্থে জারি করা হল।


(এ. এম. বদরুদ্দোজা)
অতিরিক্ত সচিব

উপ-নিয়ন্ত্রক

বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা।


নং-৪৫.১৫১.০২৭.০০.০০.০১১.২০১৩ -

১৭৭/১ (৭)

তারিখঃ ০১ .০৬.২০১৪ খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'লঃ-

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (বিষয়টি কম্পিউটারে সংরক্ষণ এর অনুরোধ করা হল)।
- ৩। উপ-সচিব(পার-৩ অধিশাখা) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৫। উপ-পরিচালক(শৃংখলা)/সহকারী পরিচালক(শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর মহাখালী, ঢাকা।
- ৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়(আদেশটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
- ৭। ডাঃ আবুল খায়ের মোঃ সালাহ উদ্দিন ভুইয়া (১২১৭৯৩), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর মহাখালী, ঢাকা।


(মোঃ রেজাউল আলম)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ-৯৫৪৫০২৮

sasdisc2@mohfw.gov.bd

নং-৪৫.১৫১.০২৭.০০.০০.০০২.২০১৩-১৮২

তারিখঃ- ২০.০২.২০১৩ বঙ্গাব্দ
০৬.০৬.২০১৪ খ্রিস্টাব্দ

আদেশ

যেহেতু, ডাঃ শামীর আহমেদ(১২২১৭১), সহকারী সার্জন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, রানীশংকৈল, ঠাকুরগাঁও ০১.১০.২০১০ তারিখ হতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তীর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩ (বি) ও (সি) বিধি মোতাবেক অসদাচরণ ও বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে ১ম কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন তীর জবাব সন্তোষজনক না হওয়ায় তীর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু, বিভাগীয় মামলায় আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে তাকে সরকারি চাকুরি হতে কেন বরখাস্ত করা হবে না এ মর্মে দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন;


যেহেতু, তাকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার সিদ্ধান্ত গ্রহণ করে এ বিষয়ে বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের মতামত চাওয়া হয়;

যেহেতু, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন The Bangladesh Public Service Commission (Consultation) Regulations, 1979 এর 5(c) অনুযায়ী ডাঃ শামীর আহমেদ গত ০১.০৭.২০১০ তারিখে সহকারী সার্জন (নন-ক্যাডার) পদে ৬ মাস মেয়াদে এডহক নিয়োগপ্রাপ্ত। কমিশন কর্তৃক তীর চাকুরি নিয়মিত হয়নি। কাজেই সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ২ (বি) বিধি অনুযায়ী নিয়োগকারী কর্তৃপক্ষ তাকে শাস্তি আরোপ করতে পারে বলে কমিশন অভিমত প্রকাশ করেছে;

এক্ষণে সেহেতু, সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪ (৩) (ডি) বিধি মোতাবেক ডাঃ শামীর আহমেদ(১২২১৭১), সহকারী সার্জন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, রানীশংকৈল, ঠাকুরগাঁও-কে সরকারি চাকুরি হতে বরখাস্ত করা হলো।

এ আদেশ তীর অননুমোদিত অনুপস্থিতির ০১.১০.২০১০ তারিখ থেকে কার্যকর হবে।

এ আদেশ জনস্বার্থে জারি করা হলো।


২.৬.১৪
(এম.এম. নিয়াজউদ্দিন)
সচিব

উপ-নিয়ন্ত্রক


বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা।

নং-৪৫.১৫১.০২৭.০০.০০.০০২.২০১৩-১৮২/১ (৭)

তারিখঃ-০৬.০৬.২০১৪ খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ-

- ১। সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
- ২। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (আদেশটি সংশ্লিষ্ট কর্মকর্তার স্থায়ী ঠিকানায় প্রেরণের জন্য অনুরোধ করা হল)।
- ৩। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (বিষয়টি কম্পিউটারে সংরক্ষণ করে রাখার জন্য অনুরোধ করা হল)।
- ৪। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিঙ্গিএ ডবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৫। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়(আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
- ৬। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, রানীশংকৈল, ঠাকুরগাঁও।
- ৭। ডাঃ শামীর আহমেদ(১২২১৭১), সহকারী সার্জন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, রানীশংকৈল, ঠাকুরগাঁও।


(মোঃ রেজাউল আলম)
সিনিয়র সহকারী সচিব
ফোন-৯৫৪৫০২৮
Sasdisc2@mohfw.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা- ২ শাখা
www.mohfw.gov.bd

নং- ৪৫.১৫১.০২৭.০০.০০.০০৯.২০১৩- ১৮৩

তারিখঃ- ১০.০২.১৪২১ বঙ্গাব্দ
০৬.০৬.২০১৪ খ্রিষ্টাব্দ

আদেশ

যেহেতু, ডাঃ মোঃ মঞ্জুরুল ইসলাম (১২২৪৩৮), সহকারী সার্জন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, চিতলমাড়ী, কুড়িগ্রাম এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯ এর ৩(বি) ধারা মোতাবেক বিভাগীয় মামলা বৃদ্ধি করে ১ম কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেননি;

যেহেতু, ডাঃ মোঃ মঞ্জুরুল ইসলাম-কে সরকারি চাকুরি হতে কেন বরখাস্ত করা হবে না সে মর্মে দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেননি;


যেহেতু, তাঁকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার সিদ্ধান্ত গ্রহণ করে এ বিষয়ে বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের মতামত চাওয়া হয়;

যেহেতু, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন (পিএসসি) তাকে The Bangladesh Public Service Commission (Consultation) Regulations, 1979 এর ৫(সি) অনুযায়ী গত ০১-০৭-২০১০ তারিখে সহকারী সার্জন (নন-ক্যাডার) পদে ৬ মাস মেয়াদে এডহক নিয়োগপ্রাপ্ত। কমিশন কর্তৃক তাঁর চাকুরী নিয়মিত হয়নি। কাজেই সরকারি কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ ১৯৭৯ এর ৫(৩) বিধান অনুযায়ী নিয়োগকারী কর্তৃপক্ষ তাকে শাস্তি আরোপ করতে পারে বলে কমিশন অভিমত প্রকাশ করেছে;

এক্ষণে সেহেতু, সরকারি কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯ এর ৪(বি) ধারায় ডাঃ মোঃ মঞ্জুরুল ইসলাম (১২২৪৩৮), সহকারী সার্জন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, চিতলমাড়ী, কুড়িগ্রাম-কে সরকারি চাকুরি হতে বরখাস্ত করা হলো।

এ আদেশ তাঁর অননুমোদিত অনুপস্থিতির ০১.০৮.২০১০ তারিখ থেকে কার্যকর হবে।

এ আদেশ জনস্বার্থে জারি করা হলো।


২.৬.১৪
(এম.এম. নিয়াজউদ্দিন)
সচিব

উপ-নিয়ন্ত্রক


বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা।

নং-৪৫.১৫১.০২৭.০০.০০.০০৯.২০১৩- ১৮৩/২ (৭)

তারিখঃ- ০৬.০৬.২০১৪ খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ-

- ১। সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
- ২। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (আদেশটি সংশ্লিষ্ট কর্মকর্তার স্থায়ী ঠিকানায় প্রেরণের জন্য অনুরোধ করা হল)।
- ৩। পরিচালক(এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (বিষয়টি কম্পিউটারে সংরক্ষণ করে রাখার জন্য অনুরোধ করা হল)।
- ৪। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিজিএ ডবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৫। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
- ৬। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, চিতলমাড়ী, কুড়িগ্রাম।
- ৭। ডাঃ মোঃ মঞ্জুরুল ইসলাম (১২২৪৩৮), সহকারী সার্জন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, চিতলমাড়ী, কুড়িগ্রাম।


(মোঃ রেজাউল আলম)
সিনিয়র সহকারী সচিব
ফোন-৯৫৪৫০২৮
Sasdisc2@mohfw.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা- ২ শাখা
www.mohfw.gov.bd

নং- ৪৫.১৫১.০২৭.০০.০০.০০৪.২০১১- ১৮৪

২০ .০২.১৪২১ বঙ্গাব্দ
তারিখঃ ০৬ .০৬.২০১৪ খ্রিষ্টাব্দ

আদেশ

যেহেতু, ডাঃ মোছাঃ শামীম আরা বেগম, মেডিকেল অফিসার (পরিবার কল্যাণ), আগানগর ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, কেরানীগঞ্জ ০২-০৮-২০০৯ তারিখ হতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তীর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩ (বি) ও ৩(সি) বিধি মোতাবেক অসদাচরণ ও বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতির দায়ে বিভাগীয় মামলা রুজু করে ১ম কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেননি বিধায় তীর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;


যেহেতু বিভাগীয় মামলায় আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে তাকে সরকারি চাকুরি হতে কেন বরখাস্ত করা হবে না এ মর্মে দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু অভিযুক্ত কর্মকর্তা দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেননি বিধায় তাকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার সিদ্ধান্ত গ্রহণ করে এ বিষয়ে বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের মতামত চাওয়া হয়;

যেহেতু, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন তাকে চাকুরি হতে বরখাস্ত করার বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করেছে;

এক্ষণে সেহেতু সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(৩)(ডি) বিধি মোতাবেক ডাঃ মোছাঃ শামীম আরা বেগম, মেডিকেল অফিসার (পরিবার কল্যাণ), আগানগর ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, কেরানীগঞ্জ-কে তীর অননুমোদিত অনুপস্থিতির তারিখ ০২.০৮.২০০৯ হতে সরকারি চাকুরি থেকে 'বরখাস্ত (Dismissal from Service)' করা হল।

এ আদেশ জনস্বার্থে জারি করা হল।


২.৬.১৪.
(এম. এম. নিয়াজউদ্দিন)
সচিব

উপ-নিয়ন্ত্রক


বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা।

নং-৪৫.১৫১.০২৭.০০.০০.০০৪.২০১১- ১৮৪/২ (৬)

তারিখঃ- ০৬.০৬.২০১৪ খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ-

- ১। সচিব, বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয়, তেজগাঁও, ঢাকা।
- ২। মহা-পরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬ কাওরান বাজার, ঢাকা (আদেশটি সংশ্লিষ্ট কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণের জন্য অনুরোধ করা হল)।
- ৩। পরিচালক (এম আইএস), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা (বিষয়টি কম্পিউটারে সংরক্ষণ করে রাখার জন্য অনুরোধ করা হল)।
- ৪। উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা কার্যালয়, ঢাকা।
- ৫। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৬। সিনিয়র সহকারী সচিব, পরিবার কল্যাণ-২ শাখা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৭। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়(আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
- ৮। ডাঃ মোছাঃ শামীম আরা বেগম, মেডিকেল অফিসার (পরিবার কল্যাণ), আগানগর ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, কেরানীগঞ্জ।


(মোঃ রেজাউল আলম)
সিনিয়র সহকারী সচিব
ফোন-৯৫৪৫০২৮
Sasdisc2@mohfw.gov.bd